

# “জয়িতা অন্বেষণে বাংলাদেশ” শীর্ষক কার্যক্রম-২০২৩

## পটভূমি :

নারী সমাজের মধ্যে বিরাজমান সকল প্রকার বিভ্রান্ত ও আশঙ্কা দূর করে সকল প্রতিবন্ধকতা উপেক্ষা করার শক্তিতে উজ্জীবিত অনুপ্রাণিত করার লক্ষ্যকে সামনে রেখে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে এবং রাজশাহী বিভাগীয় কমিশনারের কার্যালয় এর সহযোগীতায় প্রতিবছর আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ এবং বেগম রোকেয়া দিবস (৯ ডিসেম্বর) উদযাপন কালে দেশব্যাপি “জয়িতা অন্বেষণে বাংলাদেশ” শীর্ষক কার্যক্রমের প্রচার অভিযানের উদ্যোগ গ্রহণ করা হয়।

## জয়িতা কি ?

জীবন যুদ্ধে জয়ি নারীর প্রতিকী নাম “ জয়িতা”। সমাজের সকল বাধা বিপত্তি মোকাবেলা করে বিভিন্ন ক্ষেত্রে সফল নারীকে “জয়িতা” ভূষিত করে মহিলা বিষয়ক অধিদপ্তর ৫ ক্যাটাগরিতে ইউনিয়ন/পৌর এলাকার ওয়ার্ড হতে নির্বাচিত জয়িতাদের উপজেলা, জেলা ও বিভাগীয় পর্যায়ে সম্মাননা প্রদান করা হবে।

## উদ্দেশ্য:

- ০১। সমাজের বিভিন্ন ক্ষেত্রে জয়িতা চিহ্নিত করে সম্মান, স্বীকৃতি ও অনুপ্রেরণা প্রদান করে অন্যান্য নারীদের মধ্যে আস্থা সৃষ্টি ও জয়িতা হতে অনুপ্রাণিত করা।
- ২। নারীবান্ধব ও জেগার ভিত্তিক সমাজ গঠন।
- ৩। নারীর অগ্রযাত্রায় প্রতিবন্ধকতা মোকাবেলা করে জয়িতাদের অগ্রসর হওয়ার পথকে সুগম করা।
- ৪। নারীর অগ্রযাত্রা, সাফল্য, জীবন সংগ্রামকে সামনে তুলে ধরা।
- ৫। আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ ও বেগম রোকেয়া দিবসের মূল চেতনার সঙ্গে সঙ্গতি রেখে গতানুগতিকতার উদ্বে দিবস উদযাপন।

## ৫ ক্যাটাগরি সমূহ:

- ১। অর্থনৈতিকভাবে সাফল্য অর্জনকারী নারী।
- ২। শিক্ষা ও চাকুরী ক্ষেত্রে সাফল্য অর্জনকারী নারী।
- ৩। নির্যাতনের বিভীষিকা মুছে ফেলে নতুন উদ্যমে জীবন শুরু করেছেন যে নারী।
- ৪। সমাজ উন্নয়নে অসামান্য অবদান রেখেছেন যে নারী।
- ৫। সফল জননী নারী।

## শর্তাবলী :

- ১। পৌর এলাকার এবং ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে।(নাগরিকত্বের সনদ /জাতীয় পরিচয়পত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে।)
- ২। পৌর এলাকার প্রার্থীগণ পৌরসভার এবং ইউনিয়নের বাসিন্দা সংশ্লিষ্ট ইউনিয়নের নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।
- ৩। পৌরসভা, ইউনিয়ন পরিষদ, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, চারঘাট, রাজশাহী হতে ফরম সংগ্রহ করতে হবে।
- ৪। ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।
- ৫। জীবন যুদ্ধের বর্ণনা আলাদা কাগজে সংযুক্ত করতে হবে।
- ৬। বিস্তারিত জানার জন্য [www.dwa.charghat.rajshahi.gov.bd](http://www.dwa.charghat.rajshahi.gov.bd)



প্রচারে : উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, চারঘাট, রাজশাহী

শেখ হাসিনার বারতা  
নারী-পুরুষ সমতা ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়  
চারঘাট, রাজশাহী  
website: [www.dwa.charghatrajshahi.gov.bd](http://www.dwa.charghatrajshahi.gov.bd)

স্মারক নং-৩২.০১.৮১২৫.০০০.১৬.৩৮২.২২-

৬৮২


তারিখ: ২০ভাদ্র ১৪৩০বঙ্গাব্দ  
০৪ সেপ্টেম্বর ২০২৩খ্রি.

বিষয়: “জয়িতা অবেষণে বাংলাদেশ” শীর্ষক কার্যক্রমে জয়িতা নির্বাচনের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ২৫শে নভেম্বর ২০২৩ খ্রি. হতে ১০ ডিসেম্বর ২০২৩ খ্রি. পর্যন্ত ‘আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ’ ও ৯ ডিসেম্বর ২০২৩খ্রি. বেগম রোকেয়া দিবস উপলক্ষে “জয়িতা অবেষণে বাংলাদেশ” শীর্ষক কার্যক্রমটি সংযুক্ত নীতিমালার আলোকে ০৫টি ক্যাটাগরীতে যেমন: ১) অর্থনৈতিক ভাবে সাফল্য অর্জনকারী নারী ২) শিক্ষা ও চাকুরী ক্ষেত্রে সাফল্য অর্জন কারী নারী ৩) সফল জননী নারী ০৪) নির্যাতনের বিভীষিকা মুছে ফেলে নতুন উদ্যমে জীবন শুরু করেছে যে নারী এবং ০৫) সমাজ উন্নয়নে অসামান্য অবদান রেখেছে যে নারী এই ০৫টি ক্যাটাগরীর প্রতিটি ক্যাটাগরীতে ০১ জন করে প্রতি ইউনিয়ন ও পৌরসভায় ০৫ জন নির্বাচন করা হবে। উক্ত কার্যক্রমটি বাস্তবায়নের লক্ষ্যে সংযুক্ত নীতিমালার নির্দেশনা মোতাবেক ইউনিয়ন ও পৌরসভা হতে শ্রেষ্ঠ জয়িতা নির্বাচন পূর্বক নির্বাচিত জয়িতাদের নাম আগামী ২৩ অক্টোবর ২০২৩খ্রি. তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্ত: “জয়িতা অবেষণে বাংলাদেশ” শীর্ষক কার্যক্রম এর নীতিমালা ১ প্রহু।

- ০১। মেয়র, চারঘাট পৌরসভা, চারঘাট, রাজশাহী।
- ০২। চেয়ারম্যান, ইউসুফপুর/শলুয়া/সরদহ/নিমপাড়া/  
চারঘাট/ভায়ালক্ষীপুর ইউনিয়ন।

  
মোসাম্মাৎ রাশেদী পারভীন  
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা  
চারঘাট, রাজশাহী।

সদয় জ্ঞাতার্থে:

০১. জেলা প্রশাসক, রাজশাহী।
০২. কর্মসূচি পরিচালক, “জয়িতা অবেষণে বাংলাদেশ” শীর্ষক কার্যক্রম, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
০৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চারঘাট, রাজশাহী।
০৪. উপজেলা নির্বাহী অফিসার, চারঘাট, রাজশাহী।
০৫. উপ-পরিচালক, উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, রাজশাহী।
০৬. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চারঘাট, রাজশাহী।
০৭. উপজেলা শিক্ষা অফিসার, চারঘাট, রাজশাহী।
০৮. ....
০৯. অফিস কপি।